

আজকের দেশ বার্তা, ০২ নভেম্বর ২০২০

বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটকে আন্তর্জাতিক মানে উন্নীত করতে হবে

-কৃষি সচিব

নিজস্ব বার্তা পরিবেশক :- দিনাজপুরের কৃতি সন্তান
বরেন্দ্র কবি অর্থনীতিবিদ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
সরকারের সদ্য নিয়োগ প্রাপ্ত কৃষি সচিব মোঃ
মেসবাহুল ইসলাম বলেছেন, বর্তমান সরকার
আর্থসামাজিক উন্নয়ন, ক্ষুধা-দারিদ্র নিমোচন, উন্নত
ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে নিরলস ভাবে কাজ করে
চলেছেন। আগামীতে কবি সেটরের আরো বেশি
আধুনিকায়ন কৃষি যান্ত্রিকিকরণে ও উন্নত বীজ উদ্-
ভাবনে দক্ষ জনবল তৈরিতে সরকার যুগোপযোগী
পদক্ষেপ নিয়েছে।

বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের
মহাপরিচালক আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন কৃষি

প্রকৌশলী প্রফাও কৃষিবিদ ড. এম এছরাইল
হোসেনের কাছে মত বিনিময় অনুষ্ঠান কৃষি
মন্ত্রণালয়ে কৃষি সচিব উপবোক্ত বক্তব্য শেষ করেন।
কৃষি সচিব মেসবাহুল ইসলাম বলেন, বাংলাদেশ গম
ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট সহ সকল
ইনস্টিটিউটকে আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠানে গড়ে
তুলতে হবে। এ জন্য সকল কৃষি বিজ্ঞানী, কর্মকর্তা,
কর্মচারী সু-দক্ষ হতে হবে।

দিনাজপুরের কৃতিসন্তান স্বনামধন্য কৃষি
অর্থনীতিবিদ মোঃ মেসবাহুল ইসলাম কৃষি সচিব
নিয়োগ পাওয়ার বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা
ইনস্টিটিউটের মহাপরিচালক তৃতীয় পৃষ্ঠায় দেখুন

বাংলাদেশ গম ও

কৃষি প্রকৌশলী ড. এম এছরাইল হোসেন প্রাণ ঢালা অভিনন্দন ও
শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি সদ্য পদোন্নতি প্রাপ্ত সচিবকে বাংলাদেশ
গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটে পরিদর্শনের আমন্ত্রণ জানান। সচিব
ইনস্টিটিউট পরিদর্শন করবেন এবং গম ও ভুট্টা গবেষণা ও উন্নয়ন
কার্যক্রমে সহযোগীতা করার আশ্বাস প্রদান করেন। তিনি গম ও ভুট্টার
উন্নত জাতের বীজ উদ্ভাবন, কৃষি যন্ত্রপাতির উদ্ভাবন ও আধুনিকীকরণ,
গম ও ভুট্টার আবাদ সম্প্রসারণে ইনস্টিটিউটের কৃষি বিজ্ঞানী, কর্মকর্তা
ও কর্মচারীদের ভূয়শী প্রশংসা করেন এবং এ সাফল্য ধরে রাখার
আহবান জানান।